

**আপনার পোশাকের ড্রয়ারটি কি পরিষ্কার
এবং সাজানো গোছানো? আপনি
যেসব পোশাক ব্যবহার করেন সেগুলো কি
আপনার জন্য মানানসই নয়? আসুন নিজেই
নিজেকে ঘাচাই করুন-**

**১. আপনার ওয়্যারড্রেটির অবস্থা
সাধারণত কি রকম থাকে?**

ক. যেসব পোশাক আপনি সাধারণত
পরেন না সেসব দিয়ে ভর্তি থাকে।

খ. শুধু বর্তমান মৌসুমের কাপড় দিয়ে
সাজানো থাকে।

গ. সাধারণত পুরোনো, তবে পছন্দের
কাপড় দিয়ে ভরা থাকে।


**২. কতোদিন পর পর আপনি পোশাক
পরিবর্তন করেন?**

ক. কখনোই পরিবর্তন করি না, যতক্ষণ
পর্যন্ত তা নষ্ট বা ছিঁড়ে না যায়।

খ. প্রতি মৌসুমে পরিবর্তন করি এবং
প্রয়োজনীয় পোশাক নির্ধারণ করি।

গ. মাঝে মাঝে পরিবর্তন করি এবং এর
জন্য কোনো কোনো সময় দুঃখ করি।

**৩. পোশাক পরিবর্তনের পর আপনার
কেমন লাগে?**



আপনি পোশাকের ক্ষেত্রে যত্নশীল

ক. নিজের কাছে খারাপ লাগে যদি
সেগুলো দামি হয়।

খ. যেহেতু আমি এগুলো গরিব মানুষদের
দান করি, তাই এটা কোনো সমস্যা নয়।

গ. এটা সব সময় আমার ভালো লাগে।

৪. আপনার কি অনেক পোশাক আছে,
যেগুলো বিশেষ সময়ে বা ক্ষেত্রে ব্যবহার
করে থাকেন?

ক. হ্যাঁ, অনেকগুলো আছে, যেগুলো মাত্র
একবারই পরা হয়।

খ. না নেই, কারণ আমি বিশেষ সময় বা
ক্ষেত্রে পরার কাপড়/পোশাকগুলো ধার বা
ভাড়া করতে পছন্দ করি।

গ. অল্প কিছু।

৫. আপনার কি এ রকম অনেক পোশাক
আছে যেগুলো পরিধানের ক্ষেত্রে আকারে ছোট?

ক. হ্যাঁ অনেক আছে, তবে আমি
শিগগিরই ডায়েট শুরু করবো।

খ. না, আমার এ রকম পোশাক নেই।

গ. এ রকম কিছু পোশাক আমার কাছে
আছে, কিন্তু আমি এগুলো ব্যবহার করি না।

৬. আপনি কি বাসা কিংবা অফিস অথবা
কর্মক্ষেত্রের জন্য বিশেষ কোনো পোশাক
ব্যবহার করেন?

ক. হ্যাঁ করি এবং সেগুলো আমি স্বয়ত্ত্বে
আলাদা করে রাখি।

খ. না, আমি যে পোশাকটা পরিষ্কার পাই,
তাই পরে থাকি।

গ. আমার কিছু পোশাক আছে যেগুলো
শুধু অফিস বা কর্মক্ষেত্রে পরে থাকি।

৭. আপনি কি মনে করেন, আপনার
নিজস্ব আলাদা একটা স্টাইল আছে?

ক. এটা খুবই চমৎকার হতো, কিন্তু আমি
সে ধরনের পোশাক পছন্দ করি না।

খ. হ্যাঁ আছে। কারণ আমি জানি, কোন

পোশাকটা আমাকে ভালো মানাবে এবং
কোনটা মানাবে না।

গ. না নেই। কারণ আমি বিভিন্ন ধরনের
প্রচলিত পোশাক পরতে পছন্দ করি।

৮. আপনি কি পোশাক এবং এর
আনুষঙ্গিক জিনিস মিলিয়ে (ম্যাচ) পরেন?

ক. না, আমি পোশাকের সঙ্গে বিভিন্ন
রঙের আনুষঙ্গিক জিনিস পরে থাকি।

খ. হ্যাঁ, আমি যথাসম্ভব মিলিয়ে পরার
চেষ্টা করি।

গ. আমি সাধারণত দুটি বা একটি রঙের
পোশাক এবং এর আনুষঙ্গিক জিনিস বেছে
নিয়ে তা ব্যবহার করে থাকি।

৯. আগামীকাল আপনি কোন পোশাক
ব্যবহার করবেন এটা ঠিক করা কি সহজ
মনে করেন?

ক. হ্যাঁ, সহজ মনে করি।

খ. না, সহজ মনে করি না। কারণ আমি প্রায়ই ঠিক করতে পারি না যে, আগামীকাল কোন পোশাক ব্যবহার করবো।

গ. কিছুটা সহজ। কারণ এটা নির্ভর করে আমি আগামীকাল কোথায় যাব।

১০. আপনি কি মনে করেন অল্প কিছু পোশাকই আপনার জীবনের মানোন্নয়নের জন্য যথেষ্ট?

ক. না, আমি তা মনে করি না। কারণ আমি অনেক পোশাক কিনতে পছন্দ করি।

খ. হ্যাঁ, আমার মনে হয় এটা আমার জীবনকে সাধারণ করে তোলে এবং এটার কারণে আমি নিজেকে ভালোভাবে সাজিয়ে তুলতে পারি।

এবার নিজেকে যাচাই করুন

ক	খ	গ
১.	০	১০
২.	০	১০
৩.	০	১০
৪.	০	১০
৫.	০	১০
৬.	১০	০
৭.	০	১০
৮.	০	১০

৯.	১০	০	৫
১০.	০	৫	১০

আপনি আপনার পোশাকের প্রতি যত্নবান কতটুকু?

৬৬-১০০ : আপনি খুব সাজানো-গোছানো, প্রতি ক্ষেত্রেই নিজেকে সুন্দরভাবে সাজিয়ে তোলেন। আপনার পোশাকের সঙ্গে সঠিক আনুষঙ্গিক জিনিস ব্যবহার করেন। আপনার ওয়্যারড্রেবে চলতি মৌসুমের পোশাকগুলো সাজিয়ে রাখেন এবং সঠিক দিনের সঠিক পোশাক নির্ধারণে সমস্যার সম্মুখীন হন না। সম্ভবত আপনার নিজস্ব একটি স্টাইল আছে এবং শুধু সেই রঙের পোশাকই ব্যবহার করেন যেটা আপনাকে মানায়। সঠিক পোশাক এবং এর আনুষঙ্গিক বাছাইয়ের ক্ষেত্রে আপনি খুবই বৃদ্ধিমান। সব শেষে বলা যায়, আপনি ভাগ্যবানও বটে।

৩৫-৬৫ : অন্যদের মতো আপনি নিজেকে পোশাক ব্যবহারের মাধ্যমে সুন্দর করতে চান। আপনি বিষয়টা যত কঠিন মনে করছেন আসলে তা নয়। তাই অন্যদের মতো আপনি নিজের পোশাক ব্যবহারের মধ্যে একটা সুন্দর পার্থক্য আনতে পারেন।

অন্যদিকে আপনি এই ধরনের মানুষ, যারা

তাদের পোশাক-আশাকের বর্তমান ব্যবহারে সন্তুষ্ট। কিন্তু আমার মনে হয় এ ধারণা ভেঙে বিভিন্ন ধরনের পোশাক আপনার মনমানসিকতার সঙ্গে মিলিয়ে ব্যবহার করা উচিত।

০-৩৪ : আপনি পোশাক ব্যবহারের প্রতি একেবারেই যত্নশীল নন। আপনার ওয়্যারড্রেবে অথবা সব ধরনের পোশাক-আশাক দিয়ে সব সময় ভরে রাখেন। আপনি অতিরিক্ত জামা কাপড় কেনেন, যার সবগুলো ব্যবহার করেন না এবং সেগুলো পরনো হয়ে গেলে কখনোই পরিবর্তন করার চিন্তা করেন না। আপনি প্রতিটি ক্ষেত্রে বিশেষ অনুষ্ঠান বা স্থানে যাওয়ার সময় একটি বড় ধরনের ঝামেলায় পড়েন। আপনার কাছে এ ধরনের কাপড়ও আছে, যেগুলো শরীরের মাপের চেয়ে অনেক ছোট অথবা বড় এবং আপনি সব সময় কোনো পোশাক আপনাকে না মানালেও সেটা ব্যবহার করার চেষ্টা করেন এবং নানা ধরনের আনুষঙ্গিক জিনিস ব্যবহার করেন, যা আপনাকে আরো বেশি অসুন্দর করে তোলে। পরিশেষে বলতে চাই, আপনি নিজেকে পরিবর্তন করার চেষ্টা করুন।

শোভন কবীর
ছবি : তুহিন হোসেন